পঞ্চম অধ্যায়
বীজগণিতীয় সূত্রাবলি ও প্রয়োগ



অনুশীলনী ৫.১

পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

■ **বীজগণিতীয় সূত্রাবলি**

সূত্র ১। $(a + b)^2 = a^2 + 2ab + b^2$

দুইটি রাশির যোগফলের বর্গ = ১ম রাশির বর্গ + ২ × ১ম রাশি × ২য় রাশি + ২য় রাশির বর্গ

সূত্র ২। $(a - b)^2 = a^2 - 2ab + b^2$

দুইটি রাশির বিয়োগফলের বর্গ = ১ম রাশির বর্গ − ২ × ১ম রাশি × ২য় রাশি + ২য় রাশির বর্গ

অনুসিদ্ধান্ত ১। $a^2 + b^2 = (a + b)^2 - 2ab$

অনুসিদ্ধান্ত ২। $a^2 + b^2 = (a - b)^2 + 2ab$

অনুসিদ্ধান্ত ৩। $(a + b)^2 = (a - b)^2 + 4ab$

অনুসিদ্ধান্ত ৪। $(a - b)^2 = (a + b)^2 - 4ab$

অনুসিদ্ধান্ত ৫। $(a + b)^2 + (a - b)^2 = 2(a^2 + b^2)$

অনুসিদ্ধান্ত ৬। $(a + b)^2 - (a - b)^2 = 4ab$

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

সূত্রের সাহায্যে বর্গ নির্ণয় কর (১–১৬) :

প্রশ্ন ॥ ১ ॥ a + 5

সমাধান : a + 5 এর বর্গ

$= (a + 5)^2$
$= (a)^2 + 2 \times a \times 5 + (5)^2$
$= a^2 + 10a + 25$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২ ॥ 5x – 7

সমাধান : 5x – 7 এর বর্গ

$= (5x - 7)^2$
$= (5x)^2 - 2 \times 5x \times 7 + (7)^2$
$= 25x^2 - 70x + 49$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৩ ॥ 3a – 11xy

সমাধান : 3a – 11xy এর বর্গ

$= (3a - 11xy)^2$
$= (3a)^2 - 2 \times 3a \times 11xy + (11xy)^2$
$= 9a^2 - 66axy + 121x^2y^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৪ ॥ $5a^2 + 9m^2$

সমাধান : $5a^2 + 9m^2$ এর বর্গ

$= (5a^2 + 9m^2)^2$
$= (5a^2)^2 + 2 \times 5a^2 \times 9m^2 + (9m^2)^2$
$= 25a^4 + 90a^2m^2 + 81m^4$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৫ ॥ 55

সমাধান : 55 এর বর্গ

$= (55)^2$
$= (50 + 5)^2$
$= (50)^2 + 2 \times 50 \times 5 + (5)^2$
$= 2500 + 500 + 25$
$= 3025$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৬ ॥ 990

সমাধান : 990 এর বর্গ

$= (990)^2$
$= (1000 - 10)^2$
$= (1000)^2 - 2 \times 1000 \times 10 + (10)^2$
$= 1000000 - 20000 + 100$
$= 1000100 - 20000$
$= 980100$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৭ ॥ xy – 6y

সমাধান : xy – 6y এর বর্গ

$= (xy - 6y)^2$
$= (xy)^2 - 2 \times xy \times 6y + (6y)^2$
$= x^2y^2 - 12xy^2 + 36y^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৮ ॥ ax – by

সমাধান : ax – by এর বর্গ

$= (ax - by)^2$
$= (ax)^2 - 2 \times ax \times by + (by)^2$
$= a^2x^2 - 2abxy + b^2y^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৯ ॥ 97

সমাধান : 97 এর বর্গ

$= (97)^2$
$= (100 - 3)^2$
$= (100)^2 - 2 \times 100 \times 3 + (3)^2$
$= 10000 - 600 + 9$
$= 10009 - 600$
$= 9409$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১০ ॥ 2x + y – z

সমাধান : (2x + y – z) এর বর্গ

$= (2x + y - z)^2$
$= \{(2x + y) - z\}^2$
$= (2x + y)^2 - 2 \times (2x + y) \times z + z^2$
$= (2x)^2 + 2 \times 2x \times y + y^2 - 2z(2x + y) + z^2$
$= 4x^2 + 4xy + y^2 - 4xz - 2yz + z^2$
$= 4x^2 + y^2 + z^2 + 4xy - 4xz - 2yz$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১১ ॥ 2a – b + 3c

সমাধান : 2a – b + 3c এর বর্গ

$= (2a - b + 3c)^2$
$= \{(2a - b) + 3c\}^2$
$= (2a - b)^2 + 2 \times (2a - b) \times 3c + (3c)^2$
$= (2a)^2 - 2 \times 2a \times b + b^2 + 6c(2a - b) + 9c^2$

$= 4a^2 - 4ab + b^2 + 12ac - 6bc + 9c^2$
$= 4a^2 + b^2 + 9c^2 - 4ab + 12ac - 6bc$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১২ ॥ $x^2 + y^2 - z^2$

সমাধান : $x^2 + y^2 - z^2$ এর বর্গ
$= (x^2 + y^2 - z^2)^2$
$= \{(x^2 + y^2) - z^2\}^2$
$= (x^2 + y^2)^2 - 2 \times (x^2 + y^2) \times z^2 + (z^2)^2$
$= (x^2)^2 + 2 \times x^2 \times y^2 + (y^2)^2 - 2z^2(x^2 + y^2) + z^4$
$= x^4 + 2x^2y^2 + y^4 - 2x^2z^2 - 2y^2z^2 + z^4$
$= x^4 + y^4 + z^4 + 2x^2y^2 - 2x^2z^2 - 2y^2z^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৩ ॥ $a - 2b - c$

সমাধান : $a - 2b - c$ এর বর্গ
$= (a - 2b - c)^2$
$= \{(a - 2b) - c\}^2$
$= (a - 2b)^2 - 2 \times (a - 2b) \times c + c^2$
$= a^2 - 2 \times a \times 2b + (2b)^2 - 2c(a - 2b) + c^2$
$= a^2 - 4ab + 4b^2 - 2ac + 4bc + c^2$
$= a^2 + 4b^2 + c^2 - 4ab + 4bc - 2ac$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৪ ॥ $3x - 2y + z$

সমাধান : $(3x - 2y + z)$ এর বর্গ
$= (3x - 2y + z)^2$
$= \{(3x - 2y) + z\}^2$
$= (3x - 2y)^2 + 2 \times (3x - 2y) \times z + z^2$
$= (3x)^2 - 2 \times 3x \times 2y + (2y)^2 + 2z(3x - 2y) + z^2$
$= 9x^2 - 12xy + 4y^2 + 6xz - 4yz + z^2$
$= 9x^2 + 4y^2 + z^2 - 12xy + 6xz - 4yz$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৫ ॥ $bc + ca + ab$

সমাধান : $bc + ca + ab$ এর বর্গ
$= (bc + ca + ab)^2$
$= \{(bc + ca) + ab\}^2$
$= (bc + ca)^2 + 2 \times (bc + ca) \times ab + (ab)^2$
$= (bc)^2 + 2 \times bc \times ca + (ca)^2 + 2ab(bc + ca) + a^2b^2$
$= b^2c^2 + 2abc^2 + c^2a^2 + 2ab^2c + 2a^2bc + a^2b^2$
$= b^2c^2 + c^2a^2 + a^2b^2 + 2abc^2 + 2ab^2c + 2a^2bc$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৬ ॥ $2a^2 + 2b - c^2$

সমাধান : $2a^2 + 2b - c^2$ এর বর্গ
$= (2a^2 + 2b - c^2)^2$
$= \{(2a^2 + 2b) - c^2\}^2$
$= (2a^2 + 2b)^2 - 2 \times (2a^2 + 2b) \times c^2 + (c^2)^2$
$= (2a^2)^2 + 2 \times 2a^2 \times 2b + (2b)^2 - 2c^2(2a^2 + 2b) + c^4$
$= 4a^4 + 8a^2b + 4b^2 - 4a^2c^2 - 4bc^2 + c^4$
$= 4a^4 + 4b^2 + c^4 + 8a^2b - 4a^2c^2 - 4bc^2$ **(Ans.)**

সরল কর (১৭– ২৪) :

প্রশ্ন ॥ ১৭ ॥ $(2a + 1)^2 - 4a(2a + 1) + 4a^2$

সমাধান : $(2a + 1)^2 - 4a(2a + 1) + 4a^2$
$= (2a + 1)^2 - 2 \times (2a + 1) \times 2a + (2a)^2$
$= (2a + 1 - 2a)^2$
$= 1^2 = 1$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৮ ॥ $(5a + 3b)^2 + 2(5a + 3b)(4a - 3b) + (4a - 3b)^2$

সমাধান : মনে করি, $5a + 3b = x$ এবং $4a - 3b = y$
∴ প্রদত্ত রাশি $= x^2 + 2xy + y^2$
$= (x + y)^2$
$= (5a + 3b + 4a - 3b)^2$ [মান বসিয়ে]
$= (9a)^2$
$= 81a^2$ **(Ans.)**

প্রশ্ন॥১৯॥ $(7a + b)^2 - 2(7a + b)(7a - b) + (7a - b)^2$

সমাধান : মনে করি, $7a + b = x$ এবং $7a - b = y$
∴ প্রদত্ত রাশি $= x^2 - 2xy + y^2$
$= (x - y)^2$
$= \{(7a + b) - (7a - b)\}^2$ [মান বসিয়ে]
$= \{7a + b - 7a + b\}^2$
$= (2b)^2$
$= 4b^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২০ ॥ $(2x + 3y)^2 + 2(2x + 3y)(2x - 3y) + (2x - 3y)^2$

সমাধান : মনে করি, $2x + 3y = a$ এবং $2x - 3y = b$
∴ প্রদত্ত রাশি $= a^2 + 2 \times a \times b + b^2$
$= a^2 + 2ab + b^2$
$= (a + b)^2$
$= (2x + 3y + 2x - 3y)^2$ [মান বসিয়ে]
$= (4x)^2$
$= 16x^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২১ ॥ $(5x - 2)^2 + (5x + 7)^2 - 2(5x - 2)(5x + 7)$

সমাধান : মনে করি, $5x - 2 = a$ এবং $5x + 7 = b$
∴ প্রদত্ত রাশি $= a^2 + b^2 - 2 \times a \times b$
$= a^2 - 2ab + b^2$
$= (a - b)^2$
$= \{(5x - 2) - (5x + 7)\}^2$ [a ও b এর মান বসিয়ে]
$= (5x - 2 - 5x - 7)^2$
$= (-9)^2$
$= 81$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২২ ॥ $(3ab - cd)^2 + 9(cd - ab)^2 + 6(3ab - cd)(cd - ab)$

সমাধান : $(3ab - cd)^2 + 9(cd - ab)^2 + 6(3ab - cd)(cd - ab)$
$= (3ab - cd)^2 + \{3(cd - ab)\}^2 + 2(3ab - cd) \times 3(cd - ab)$
মনে করি, $3ab - cd = x$ এবং $3(cd - ab) = y$
∴ প্রদত্ত রাশি $= x^2 + y^2 + 2 \times x \times y$
$= x^2 + 2xy + y^2$
$= (x + y)^2$
$= \{3ab - cd + 3cd - 3ab)\}^2$ [মান বসিয়ে]
$= (2cd)^2$
$= 4c^2d^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২৩ ॥ $(2x + 5y + 3z)^2 + (5y + 3z - x)^2 - 2(5y + 3z - x)(2x + 5y + 3z)$

সমাধান : মনে করি, $2x + 5y + 3z = a$ এবং $5y + 3z - x = b$
∴ প্রদত্ত রাশি $= a^2 + b^2 - 2 \times b \times a$
$= a^2 - 2ab + b^2$
$= (a - b)^2$
$= \{(2x + 5y + 3z) - (5y + 3z - x)\}^2$ [মান বসিয়ে]
$= (2x + 5y + 3z - 5y - 3z + x)^2$
$= (3x)^2$
$= 9x^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২৪ ॥ $(2a - 3b + 4c)^2 + (2a + 3b - 4c)^2 + 2(2a - 3b + 4c)(2a + 3b - 4c)$

সমাধান : মনে করি, $2a - 3b + 4c = x$ এবং $2a + 3b - 4c = y$
∴ প্রদত্ত রাশি $= x^2 + y^2 + 2xy$
$= x^2 + 2xy + y^2$
$= (x + y)^2$
$= (2a - 3b + 4c + 2a + 3b - 4c)^2$ [মান বসিয়ে]
$= (4a)^2$
$= 16a^2$ **(Ans.)**

মান নির্ণয় কর (২৫–২৮) :

প্রশ্ন ॥ ২৫ ॥ $25x^2 + 36y^2 - 60xy$, যখন $x = -4, y = -5$.

সমাধান : দেওয়া আছে, $x = -4, y = -5$.

প্রদত্ত রাশি $= 25x^2 + 36y^2 - 60xy$

$= 25x^2 - 60xy + 36y^2$

$= (5x)^2 - 2 \times 5x \times 6y + (6y)^2$

$= (5x - 6y)^2$

$= \{5(-4) - 6(-5)\}^2$ [x ও y এর মান বসিয়ে]

$= (-20 + 30)^2$

$= (10)^2$

$= 100$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২৬ ॥ $16a^2 - 24ab + 9b^2$, যখন $a = 7, b = 6$.

সমাধান : দেওয়া আছে, $a = 7, b = 6$

প্রদত্ত রাশি $= 16a^2 - 24ab + 9b^2$

$= (4a)^2 - 2 \times 4a \times 3b + (3b)^2$

$= (4a - 3b)^2$

$= (4 \times 7 - 3 \times 6)^2$ [a ও b এর মান বসিয়ে]

$= (28 - 18)^2$

$= (10)^2$

$= 100$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২৭ ॥ $9x^2 + 30x + 25$, যখন $x = -2$

সমাধান : দেওয়া আছে, $x = -2$.

প্রদত্ত রাশি $= 9x^2 + 30x + 25$

$= (3x)^2 + 2 \times 3x \times 5 + 5^2$

$= (3x + 5)^2$

$= \{3(-2) + 5\}^2$ [মান বসিয়ে]

$= (-6 + 5)^2$

$= (-1)^2$

$= 1$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২৮ ॥ $81a^2 + 18ac + c^2$, যখন $a = 7, c = -67$.

সমাধান : দেওয়া আছে, $a = 7, c = -67$

প্রদত্ত রাশি $= 81a^2 + 18ac + c^2$

$= (9a)^2 + 2 \times 9a \times c + c^2$

$= (9a + c)^2$

$= \{(9 \times 7) + (-67)\}^2$ [মান বসিয়ে]

$= (63 - 67)^2$

$= (-4)^2$

$= 16$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২৯ ॥ $a - b = 7$ এবং $ab = 3$ হলে, দেখাও যে, $(a + b)^2 = 61$

সমাধান : দেওয়া আছে, $a - b = 7$ এবং $ab = 3$

বামপক্ষ $= (a + b)^2$

$= (a - b)^2 + 4ab$

$= 7^2 + 4 \times 3$ [মান বসিয়ে]

$= 49 + 12$

$= 61 =$ ডানপক্ষ

$\therefore (a + b)^2 = 61$. **(দেখানো হলো)**

প্রশ্ন ॥ ৩০ ॥ $a + b = 5$ এবং $ab = 12$ হলে, দেখাও যে, $a^2 + b^2 = 1$

সমাধান : দেওয়া আছে, $a + b = 5$ এবং $ab = 12$

বামপক্ষ $= a^2 + b^2$

$= (a + b)^2 - 2ab$

$= 5^2 - 2 \times 12$ [মান বসিয়ে]

$= 25 - 24$

$= 1 =$ ডানপক্ষ

$\therefore a^2 + b^2 = 1$ **(দেখানো হলো)**

প্রশ্ন ॥ ৩১ ॥ $x + \frac{1}{x} = 5$ হলে, প্রমাণ কর যে, $\left(x^2 - \frac{1}{x^2}\right)^2 = 525$

সমাধান : দেওয়া আছে, $x + \frac{1}{x} = 5$

বামপক্ষ $= \left(x^2 - \frac{1}{x^2}\right)^2$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 4 \times x^2 \times \frac{1}{x^2}$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 4$

$= \left\{\left(x + \frac{1}{x}\right)^2 - 2 \times x \times \frac{1}{x}\right\}^2 - 4$

$= \{(5)^2 - 2\}^2 - 4$ [মান বসিয়ে]

$= \{25 - 2\}^2 - 4$

$= \{23\}^2 - 4$

$= 529 - 4$

$= 525 =$ ডানপক্ষ

$\therefore \left(x^2 - \frac{1}{x^2}\right)^2 = 525$ **(প্রমাণিত)**

প্রশ্ন ॥ ৩২ ॥ $a + b = 8$ এবং $a - b = 4$ হলে, ab = কত ?

সমাধান : দেওয়া আছে, $a + b = 8$ এবং $a - b = 4$

আমরা জানি, $ab = \left(\frac{a + b}{2}\right)^2 - \left(\frac{a - b}{2}\right)^2$

$= \left(\frac{8}{2}\right)^2 - \left(\frac{4}{2}\right)^2$ [মান বসিয়ে]

$= 4^2 - 2^2$

$= 16 - 4$

$= 12$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৩৩ ॥ $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $x^2 + y^2 + 5xy$ এর মান কত ?

সমাধান : দেওয়া আছে, $x + y = 7$ এবং $xy = 10$

প্রদত্ত রাশি $= x^2 + y^2 + 5xy$

$= x^2 + y^2 + 2xy + 3xy$

$= (x + y)^2 + 3xy$

$= 7^2 + 3 \times 10$ [মান বসিয়ে]

$= 49 + 30 = 79$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৩৪ ॥ $m + \frac{1}{m} = 2$ হলে, দেখাও যে, $m^4 + \frac{1}{m^4} = 2$

সমাধান : দেওয়া আছে, $m + \frac{1}{m} = 2$

বামপক্ষ = $m^4 + \frac{1}{m^4}$

$= (m^2)^2 + \left(\frac{1}{m^2}\right)^2$

$=$ **উৎপড়ৎ!**$^2 - 2 \times m^2 \times$ **উৎপড়ৎ!**

$= \left\{\left(m + \frac{1}{m}\right)^2 - 2 \times m \times \frac{1}{m}\right\}^2 - 2$

$= \{(2)^2 - 2\}^2 - 2$ [মান বসিয়ে]

$= \{4 - 2\}^2 - 2$

$= 2^2 - 2$

$= 4 - 2$

$= 2 =$ ডানপৰ

$\therefore m^4 + \frac{1}{m^4} = 2$ **(দেখানো হলো)**

অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫·১ : বীজগণিতীয় সূত্রাবলি ■ পৃষ্ঠা : ৬২ – ৬৮

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. $(a + b)^2$ এর সমান কোনটি? (সহজ)
ক $a^2 – b^2$ খ $a^2 + b^2$
গ $(a – b)(a + b)$ ● $a^2 + 2ab + b^2$

২. $(a – b)^2$ এর সঠিক সূত্রটি নিচের কোনটি? (সহজ)
ক $a^2 – 2ab – b^2$ খ $(a + b)^2 + 4ab$
গ $a^2 + 2ab – b^2$ ● $(a + b)^2 – 4ab$

৩. বর্গক্ষেত্রের এক বাহু a হলে, তার ক্ষেত্রফল কত? (সহজ)
ক a ● a^2 গ a^3 ঘ a^4

৪. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল a^2 হলে এর এক বাহুর দৈর্ঘ্য কত? (সহজ)
ক ab ● a গ b ঘ a^2b^2

৫. $(a – b)^2 + 2ab$ = কত? (সহজ)
● $a^2 + b^2$ খ $a^2 – b^2$ গ $(a – b)^2$ ঘ $(a + b)^2$

৬. $(a + b)^2 – (a – b)^2$ = কত? (সহজ)
ক ab খ 2ab ● 4ab ঘ $2(a^2 – b^2)$

৭. $(a + b)^2 – 4ab$ = কত? (সহজ)
ক $(a + b)^2$ খ $a^2 + b^2$ ● $(a – b)^2$ ঘ $a^2 – b^2$

৮. নিচের কোনটি $\frac{1}{2}\{(a + b)^2 – (a – b)^2\}$ এর মান নির্দেশ করে? (সহজ)
● 2ab খ $2(a^2 + b^2)$ গ ab ঘ $a^2 + b^2$

৯. $(a – 5)$ এর বর্গ কোনটি? (মধ্যম)
● $a^2 – 10a + 25$ খ $a^2 + 10a + 25$
গ $a^2 + 5a + 25$ ঘ $a^2 – 5a + 25$

১০. $2a + 3$ এর বর্গ নিচের কোনটি? (সহজ)
ক $4a^2 + 12a – 9$ ● $4a^2 + 12a + 9$
গ $2a^2 – 6a + 3$ ঘ $4a^2 – 6a + 9$

১১. $(– x + y)^2$ = ? (কঠিন)
ক $(x + y)^2 + 4xy$ খ $– x^2 + 2xy + y^2$
গ $– x^2 – 2xy + y^2$ ● $(x + y)^2 – 4xy$

১২. $p – q$ এর বর্গ কত? (সহজ)
ক $p^2 + 2pq + q^2$ ● $p^2 – 2pq + q^2$
গ $p^2 – q^2$ ঘ $p^2 + q^2$

১৩. $4x – 1$ এর বর্গ নিচের কোনটি? (সহজ)
ক $4x^2 – 8x + 1$ খ $16x^2 – 4x – 1$
● $16x^2 – 8x + 1$ ঘ $8x^2 – 16x + 1$

১৪. $– y – x$ এর বর্গ নিচের কোনটি? (মধ্যম)
● $x^2 + 2xy + y^2$ খ $– y^2 + 2xy + x^2$
গ $y^2 + 2xy – x^2$ ঘ $x^2 – 2xy – y^2$

১৫. 999 এর বর্গ কত? (কঠিন)
● 998001 খ 994000 গ 984009 ঘ 974009

১৬. 69 এর বর্গ কত? (সহজ)
ক 4107 খ 4617 ● 4761 ঘ 4766

১৭. $x + y + z$ এর বর্গ কত? যেখানে $x + y = a$ (মধ্যম)
ক $a^2 – 2az – z^2$ খ $x^2 + 2az + z^2$
● $a^2 + 2az + z^2$ ঘ $y^2 + 2az + x^2$

১৮. $b – c = 2$ হলে $a + b – c$ এর বর্গমান কত? (মধ্যম)
ক $a^2 + 2a + 2$ ● $a^2 + 4a + 4$
গ $a^2 + b^2 – c^2$ ঘ $b^2 – 2bc + c^2$

১৯. $a = b = c$ হলে $(a + b + c)$ এর বর্গ নিচের কোনটি? (কঠিন)
ক $3a$ খ $3a^3$ ● $9a^2$ ঘ $9a^3$

২০. $a = m$ এবং $b = n$ হলে m, n এর মাধ্যমে $(a + b)^2$ এর প্রকাশ কোনটি? (মধ্যম)
● $m^2 + 2mn + n^2$ খ $m^2 + mn + n^2$
গ $a^2m^2 + 2mn + b^2n^2$ ঘ $m^2 + 2mnab + n^2$

২১. $x = 1$ হলে $x^3 + 2x^2 – 1$ এর মান নিচের কোনটি? (সহজ)
ক 1 খ – 1 গ – 2 ● 2

২২. $x = 7, y = 3$ হলে $(5x + 3y)$ এর বর্গ কত? (সহজ)
ক 1396 খ 1639 ● 1936 ঘ 2036

২৩. $a = – 1$ হলে, $81a^2 + 18a$ এর মান কত হবে? (সহজ)
● 63 খ 48 গ 46 ঘ 33

২৪. $x = – 1$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত? (সহজ)
ক 1 ● 2 গ 3 ঘ 4

২৫. $p + \frac{1}{p} = 2$ হলে $\frac{1}{p}$ এর সঠিক মান নিচের কোনটি? (কঠিন)
() ● 1 খ – 1 গ 2 ঘ – 2

২৬. $a^2 + \frac{1}{a^2} = 3$ হলে, $\left(a – \frac{1}{a}\right)^2$ এর মান নিচের কোনটি? (মধ্যম)
ক 0 ● 1 গ – 2 ঘ 2

২৭. $(5x – 3y)$ এর মান নির্ণয় কর, যখন $x = 1, y = – 1$. (সহজ)
ক 2 খ 6 ● 8 ঘ 12

২৮. বীজগণিতীয় প্রতীক দ্বারা প্রকাশিত যেকোনো সাধারণ নিয়ম বা সিদ্ধান্তকে কী বলা হয়? (সহজ)
ক বীজগণিতীয় ভগ্নাংশ ● বীজগণিতীয় সূত্র
গ বীজগণিতীয় গুণক ঘ বীজগণিতীয় ভাজক

২৯. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = কী? (সহজ)
ক দৈর্ঘ্য × প্রস্থ ● (দৈর্ঘ্য)^২ গ দৈর্ঘ্য + প্রস্থ ঘ ২(দৈর্ঘ্য)^২

৩০. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কোনটি? (সহজ)
ক ২(দৈর্ঘ্য × প্রস্থ) খ ২ (দৈর্ঘ্য + প্রস্থ)
● দৈর্ঘ্য × প্রস্থ ঘ (দৈর্ঘ্য)^২ + (প্রস্থ)^২

৩১. $a^2 + b^2$ এর মান কোনটি? (সহজ)
● $(a + b)^2 – 2ab$ খ $a^2 – 2ab + b^2$
গ $a^2 + 2ab + b^2$ ঘ $(a – b)^2 – 2ab$

৩২. $(a + b)^2 + (a – b)^2$ = কত? [অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]
● $2(a^2 + b^2)$ খ 4ab গ $4(a^2 + b^2)$ ঘ 0

৩৩. $(a + b)^2$ এর সমান নিচের কোনটি? (সহজ)
ক $a^2 + b^2$ খ $a^2 – b^2$
● $(a + b)(a + b)$ ঘ $(a + b)(a – b)$

৩৪. $(a + b)^2$ এর অর্থ কী? (সহজ)
ক $(a + b)$ কে $(a + b)$ দ্বারা ভাগ
● $(a + b)$ কে $(a + b)$ দ্বারা গুণ
গ $(a + b)$ এর সাথে $(a + b)$ এর যোগ
ঘ $(a + b)$ হতে $(a + b)$ বিয়োগ

৩৫. $a + 3$ এর বর্গ নিচের কোনটি? (সহজ)
● $a^2 + 16a + 9$ খ $4a^2 – 12a + 9$
গ $2a^2 – 6a + 9$ ঘ $4a^2 – 6a + 3$
ব্যাখ্যা : $(2a + 3)^2 = (2a)^2 + 2.\ 2a.\ 3 + (3)^2 = 4a^2 + 12a + 9$

৩৬. $(a – b)^2$ = কত? (মধ্যম)
ক $(a + b)^2 + 4ab$ ● $(a + b)^2 – 4ab$
গ $(a + b)^2 + 2ab$ ঘ $(a + b)^2 – 2ab$

৩৭. $m + n = 6$ এবং $mn = 4$ হলে, $m^2 + n^2 + 6mn$ এর মান কত? [বগুড়া জিলা স্কুল]
ক 32 খ 42 ● 52 ঘ 62
ব্যাখ্যা : $m^2 + n^2 + 6mn = (m)^2 + 2.m.n + (n)^2 + 4mn$
$= (m + n)^2 + 4mn = (6)^2 + 4 \times 4$
$= 36 + 16 = 52$

৩৮. $(a + b)^2 – (a – b)^2$ = কত? (সহজ)

ক ab খ 2ab ● 4ab ঘ $2(a^2 - b^2)$

ব্যাখ্যা : $(a + b)^2 - (a - b)^2$
$= a^2 + 2ab + b^2 - (a^2 - 2ab + b^2)$
$= a^2 + 2ab + b^2 - a^2 + 2ab - b^2 = 4ab$

৩৯. $a^2 - 2ab + b^2$ = কত? (সহজ)

● $(a - b)^2$ খ $(a + b)^2$ গ $a^2 - b^2$ ঘ $a^2 + b^2$

৪০. $(x - 3y)^2$ = কত? (কঠিন)

● $x^2 - 6xy + 9y^2$ খ $x^2 + 6xy + 9y^2$
গ $x^2 - 6xy - 9y^2$ ঘ $x^2 - 3xy + 9y^2$

ব্যাখ্যা : $(x - 3y)^2 = x^2 - 2.\ x.\ 3y + (3y)^2 = x^2 - 6xy + 9y^2$.

৪১. $(2x + 5)$ এর বর্গ নিচের কোনটি? (কঠিন)

ক $4x^2 + 25$ খ $4x^2 + 10$
● $4x^2 + 20x + 25$ ঘ $4x^2 + 10x + 25$

ব্যাখ্যা : $(2x + 5)^2 = (2x)^2 + 2.2x.5 + (5)^2 = 4x^2 + 20x + 25$

৪২. $(ax - by)$ এর বর্গ নিচের কোনটি? (কঠিন)

ক $a^2x^2 - 2abxy + aby^2$ খ $a^2x^2 + 2abxy + b^2y^2$
● $a^2x^2 - 2abxy + b^2y^2$ ঘ $(ax + by)^2 + 2abxy$

ব্যাখ্যা : $(ax - by)$ এর বর্গ
$= (ax - by)^2 = (ax)^2 - 2 \times ax \times by + (by)^2 = a^2x^2 - 2abxy + b^2y^2$

৪৩. $(a + b)^2$ = কত? (মধ্যম)

● $(a - b)^2 + 4ab$ খ $(a - b)^2 - 4ab$
গ $(a - b)^2 + 2ab$ ঘ $(a - b)^2 - 2ab$

৪৪. 99 এর বর্গ মান নিচের কোনটি? (মধ্যম)

ক 1098 খ 8910 গ 8901 ● 9801

ব্যাখ্যা : $(99)^2 = (100 - 1)^2 = (100)^2 - 2.100.1 + (1)^2$
$= 10000 - 200 + 1 = 9801.$

৪৫. $x - y = 3$ এবং $xy = 2$ হলে, $(x + y)^2$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

ক 0 খ 1 গ 11 ● 17

ব্যাখ্যা : $(x + y)^2 = (x - y)^2 + 4xy = (3)^2 + 4.2 = 9 + 8 = 17$

৪৬. $a + b = 10$ এবং $a - b = 6$ হলে, ab = কত? (মধ্যম)

ক 10 খ 12 ● 16 ঘ 20

ব্যাখ্যা : $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2 = \left(\frac{10}{2}\right)^2 - \left(\frac{6}{2}\right)^2$
$= (5)^2 - (3)^2$
$= 25 - 9 = 16$

৪৭. $a = 5$ এবং $b = 3$ হলে, $16a^2 - 24ab + 9b^2$ = কত? (সহজ)

ক 81 খ 100 ● 121 ঘ 144

ব্যাখ্যা : $16a^2 - 24ab + 9b^2 = (4a)^2 - 2.4a.3b + (3b)^2 = (4a - 3b)^2$
$= (4 \times 5 - 3 \times 3)^2 = (20 - 9)^2 = (11)^2 = 121.$

৪৮. $(5x - 3y)^2$ এর মান নির্ণয় কর, যখন $x = 1, y = -1$. (কঠিন)

ক 2 খ 8 গ 16 ● 64

৪৯. $a - \frac{1}{a} = 5$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত? (মধ্যম)

ক 21 খ 23 গ 25 ● 27

৫০. 997 এর বর্গ কত? (কঠিন)

● 994009 খ 984009 গ 974009 ঘ 99409

ব্যাখ্যা : $(997)^2 = (1000 - 3)^2 = (1000)^2 - 2.1000.3 + (3)^2$
$= 1000000 - 6000 + 9 = 1000009 - 6000$
$= 994009$

৫১. $a + b = 8$ এবং $ab = 10$ হলে, $a^2 + b^2$ এর মান কত? (মধ্যম)

ক 14 খ 18 ● 44 ঘ 52

ব্যাখ্যা : $a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (8)^2 - 2 \times 10 = 64 - 20 = 44.$

৫২. $a - b = 5$ এবং $ab = 4$ হলে, $a^2 + b^2$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

ক 13 খ 25 ● 33 ঘ 44

ব্যাখ্যা : $a^2 + b^2 = (a - b)^2 + 2ab = (5)^2 + 2 \times 4 = 25 + 8 = 33.$

৫৩. $m + \frac{1}{m} = 2$ হলে, $m^2 + \frac{1}{m^2}$ এর মান নিচের কোনটি? (কঠিন)

ক 0 খ 1 ● 2 ঘ 3

ব্যাখ্যা : $m^2 + \frac{1}{m^2} = \left(m + \frac{1}{m}\right)^2 - 2.m.\frac{1}{m} = (2)^2 - 2 = 4 - 2 = 2$

৫৪. $x - \frac{1}{x} = 3$ হলে, $\left(x + \frac{1}{x}\right)^2$ এর মান কত? [বগুড়া জিলা স্কুল]

ক 29 ● 13 গ 5 ঘ 0

ব্যাখ্যা : $\left(x + \frac{1}{x}\right)^2 = \left(x - \frac{1}{x}\right)^2 + 4.x.\frac{1}{x} = (3)^2 + 4 = 9 + 4 = 13$

৫৫. $x = 5$ এবং, $y = -2$ হলে, $4x^2 + 12xy + 9y^2$ এর মান নিচের কোনটি? (কঠিন)

ক 2 খ 4 ● 16 ঘ 256

ব্যাখ্যা : $4x^2 + 12xy + 9y^2$
$= (2x)^2 + 2.2x.3y + (3y)^2$
$= (2x + 3y)^2$
$= (10 - 6)^2 = 4^2 = 16$

৫৬. $m + \frac{1}{m} = 4$ হলে $m^2 + \frac{1}{m^2}$ = কত? (মধ্যম)

ক 16 ● 14 গ 10 ঘ 8

ব্যাখ্যা : $\left(m + \frac{1}{m}\right)^2 = 4^2$
বা, $m^2 + \frac{1}{m^2} + 2.m.\frac{1}{m} = 16$
বা, $m^2 + \frac{1}{m^2} = 16 - 2$
বা, $m^2 + \frac{1}{m^2} = 14$

৫৭. $a = -2$ হলে $a^2 + \frac{2}{a}$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

ক 5 খ 4 ● 3 ঘ -4

ব্যাখ্যা : $a = -2, \therefore a^2 + \frac{2}{a} = (-2)^2 + \frac{2}{-2} = 4 - 1 = 3$

৫৮. $(a + b)^2 - 2(a + b)(a - b) + (a - b)^2$ এর সরলীকৃত মান কত? (মধ্যম)

● $4b^2$ খ $3b^2$ গ $2b^2$ ঘ b^2

ব্যাখ্যা : $(a + b)^2 - 2(a + b)(a - b) + (a - b)^2$
$= \{(a + b) - (a - b)\}^2 = (a + b - a + b)^2 = (2b)^2 = 4b^2.$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৯. $(a + b)^2$ হলো–

i. $a^2 + 2ab + b^2$ এর সমান
ii. $4a^2$ এর সমান যখন $a = b$
iii. 8 এর সমান যখন $a = b = 2$

নিচের কোনটি সঠিক? (সহজ)

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬০. $x = 7, y = 6$ হলে–

i. $x^2 + y^2$ এর মান 85
ii. $(x^2 - 2xy + y^2)$ এর মান 1
iii. 30 হলো $x^2 - y^2$ এর মান

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬১. $m - \frac{1}{m} = 4$ হলে–

i. $m^2 + \frac{1}{m^2}$ এর মান 18
ii. $\left(m + \frac{1}{m}\right)^2$ এর মান 20
iii. $\left(m - \frac{1}{m}\right)^2$ এর মান 18

নিচের কোনটি সঠিক? (কঠিন)

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬২. $\left(p + \frac{1}{p}\right)^2 = 16$ হলে –

i. $p^2 + \frac{1}{p^2} = 14$ ii. $\left(p + \frac{1}{p}\right)^2 = 4^2$

iii. $\left(p-\frac{1}{p}\right)^2 = 12$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৬৩. $(x+y)^2 = 9$ এবং $(x-y) = 2$ হলে–

i. $4xy$ এর মান 6 ii. $(x-y)^2$ এর মান 4

iii. $2(x^2+y^2)$ এর মান 13

নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

৬৪. $4a^4 - 6a^3 + 3a + 14$ একটি বীজগণিতীয় রাশি। রাশিটি থেকে প্রদত্ত তথ্য হলো–

i. বহুপদী রাশিটির চলক a

ii. বহুপদীর মাত্রা 4

iii. a^3 এর 6

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬৫. $a = 2, b = 1$ হলে–

i. $a^2 + 2ab + b^2 = 9$ ii. $a^2 - b^2 = 4$

iii. $a^2 - 2ab + b^2 = 1$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

ব্যাখ্যা : i. $a^2 + 2ab + b^2 = (a+b)^2 = (2+1)^2 = (3)^2 = 9$
সুতরাং উক্তিটি সঠিক।

ii. $a^2 - b^2 = (a+b)(a-b) = (2+1) \times (2-1) = 3 \times 1 = 3$
সুতরাং উক্তিটি সঠিক নয়।

iii. $a^2 - 2ab + b^2 = (2-1)^2 = (1)^2 = 1$
সুতরাং উক্তিটি সঠিক।

৬৬. $x = 7, y = 6$ হলে–

i. $x^2 + y^2$ এর মান 85 ii. $(x^2 - 2xy + y^2)$ এর মান 1

iii. $x^2 - y^2$ এর মান হলো 13

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

ব্যাখ্যা : (i) $x^2 + y^2 = (7)^2 + (6)^2 = 49 + 36 = 85$ ∴ উক্তিটি সঠিক।
(ii) $x^2 - 2xy + y^2 = (7-6)^2 = (1)^2 = 1$ ∴ উক্তিটি সঠিক।
iii. $x^2 - y^2 = (x+y)(x-y)$
$= (7+6)(7-6) = 13.1 = 13$ ∴ উক্তিটি সঠিক।

৬৭. নিচের তথ্যগুলো লব কর :

i. $a^2 + b^2 = (a+b)^2 - 2ab$

ii. $a^2 + b^2 = (a-b)^2 - 2ab$

iii. $a^2 + b^2 = (a-b)^2 + 2ab$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬৮. নিচের তথ্যগুলো লব কর :

i. $4ab = (a+b)^2 - (a-b)^2$

ii. $a^2 + b^2 = (a-b)^2 + 2ab$

iii. $2(a^2 + b^2) = (a+b)^2 + (a-b)^2$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৬৯. $a + \frac{1}{a} = 2$ হলে,

i. $a^2 + 2 + \frac{1}{a^2} = 4$ ii. $a - \frac{1}{a} = 0$

iii. $a^2 - 2a + 1 = 0$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ৭০ ও ৭১ নং প্রশ্নের উত্তর দাও:**

$\left(m+\frac{1}{m}\right)^2 = 25$

৭০. $\left(m-\frac{1}{m}\right)^2$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

ক 5 খ 15 গ 18 ● 21

৭১. $m^2 + \frac{1}{m^2}$ এর মান কত হবে? (মধ্যম)

ক 18 ● 23 গ 33 ঘ 9

■ **নিচের তথ্যের আলোকে ৭২ ও ৭৩ নং প্রশ্নের উত্তর দাও:**

$a + \frac{1}{a} = 2$

৭২. উপরের তথ্যের ভিত্তিতে a এর সঠিক মান নিচের কোনটি? (মধ্যম)

ক -2 খ -1 ● 1 ঘ 2

ব্যাখ্যা : $a + \frac{1}{a} = 2$ বা, $a^2 + 1 = 2a$ বা, $a^2 - 2a + 1 = 0$ বা, $(a-1)^2 = 0$ বা, $a = 1$

৭৩. $a^4 + \frac{1}{a^4}$ = কত? (কঠিন)

ক 1 ● 2 গ 3 ঘ 4

ব্যাখ্যা : $a^4 + \frac{1}{a^4} = (1)^4 + \frac{1}{(1)^4} = 1 + \frac{1}{1} = 1 + 1 = 2$

■ **নিচের তথ্যের আলোকে ৭৪ – ৭৬ নং প্রশ্নের উত্তর দাও:**

$a + b = 5, ab = 6$

৭৪. $(a-b)^2$ = কোনটি? (মধ্যম)

ক 0 ● 1 গ 2 ঘ 3

ব্যাখ্যা : $(a-b)^2 = (a+b)^2 - 4ab = (5)^2 - 4 \times 6 = 25 - 24 = 1$

৭৫. $(a+b)^2$ = কোনটি? (মধ্যম)

ক 0 খ 21 ● 25 ঘ 34

৭৬. $a^2 + b^2$ = কোনটি? (মধ্যম)

● 13 খ 4 গ 3 ঘ 2

ব্যাখ্যা : $a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (5)^2 - 2.6 = 25 - 12 = 13.$

■ **নিচের তথ্যের আলোকে ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও:**

$5x - 2y$ একটি বীজগণিতীয় রাশি।

৭৭. প্রদত্ত রাশির বর্গ নিচের কোনটি? (কঠিন)

ক $25x^2 - 4y^2$ খ $25x^2 + 4y^2$

● $25x^2 - 20xy + 4y^2$ ঘ $25x^2 + 20xy + 4y^2$

৭৮. $x = 1$ এবং $y = 4$ হলে, প্রদত্ত রাশির বর্গের মান কত হবে? (কঠিন)

ক 4 খ 6 ● 9 ঘ 16

ব্যাখ্যা : $(5x - 2y)^2 = (5.1 - 2.4)^2 = (5-8)^2 = (-3)^2 = 9$

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন–১ ▸ $m + \frac{1}{m} = 5$ [ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক. দেখাও যে, $m^2 - 5m + 1 = 0$ ২

খ. প্রমাণ কর যে, $\left(m^2 - \frac{1}{m^2}\right) = 525.$ ৪

গ. প্রমাণ কর যে, $m^4 + \frac{1}{m^4} = 527.$ ৪

▸◂ **১নং প্রশ্নের সমাধান** ▸◂

ক. দেওয়া আছে, $m + \frac{1}{m} = 5$

বা, $\frac{m^2+1}{m}=5$

বা, $m^2+1=5m$

$\therefore\ m^2-5m+1=0$ **(দেখানো হলো)**

খ. অনুশীলনীর ৩১নং প্রশ্নের সমাধান দেখ।

গ. বামপৰ $=m^4+\frac{1}{m^4}$

$=(m^2)^2+\left(\frac{1}{m^2}\right)^2$

$=\left(m^2-\frac{1}{m^2}\right)+2\cdot m^2\cdot\frac{1}{m^2}$

$=525+2\left[\because\left(m^2-\frac{1}{m^2}\right)^2=525\right]$

$=527=$ ডানপৰ

$\therefore\ m^4+\frac{1}{m^4}=527$ **(প্রমাণিত)**

প্রশ্ন–২ ▸ $x-\frac{1}{x}=5$ **হলে–** [রাজশাহী কলেজিয়েট স্কুল]

ক. দেখাও যে, $x^2-5x=1$ ২

খ. প্রমাণ কর যে, $x^2+\left(\frac{1}{x}\right)^2=27.$ ৪

গ. $x^4+\left(\frac{1}{x}\right)^4$ এর মান নির্ণয় কর। ৪

▸◂ ২নং প্রশ্নের সমাধান ▸◂

ক. দেওয়া আছে, $x-\frac{1}{x}=5$

বা, $\frac{x^2-1}{x}=5$

বা, $x^2-1=5x$

বা, $x^2-5x=1$ **(দেখানো হলো)**

খ. বামপৰ $=(x)^2+\left(\frac{1}{x}\right)^2$

$=\left(x-\frac{1}{x}\right)^2+2x\cdot\frac{1}{x}$

$=(5)^2+2$

$=25+2$

$=27=$ ডানপৰ

$\therefore\ x^2+\left(\frac{1}{x}\right)^2=27$ **(প্রমাণিত)**

গ. প্রদত্ত রাশি $=x^4+\frac{1}{x^4}$

$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2\cdot x^2\cdot\frac{1}{x^2}$

$=\left\{(x)^2+\left(\frac{1}{x^2}\right)^2\right\}-2$

$=(27)^2-2$

$=729-2=727$ **(Ans.)**

প্রশ্ন–৩ ▸ $x^2+3x=1$

ক. $\left(x-\frac{1}{x}\right)^2$ এর মান কত? ২

খ. প্রমাণ কর যে, $\left(x^2-\frac{1}{x^2}\right)^2=117$ ৪

গ. 'খ' ব্যবহার করে দেখাও যে, $\left(x^4+\frac{1}{x^4}+2\right)$ এর মান একটি পূর্ণসংখ্যা? ৪

▸◂ ৩নং প্রশ্নের সমাধান ▸◂

ক. $x^2+3x=1$

বা, $x^2-1=-3x$

বা, $\frac{x^2-1}{x}=-3$

বা, $x-\frac{1}{x}=-3$

বা, $\left(x-\frac{1}{x}\right)^2=(-3)^2=9$ **(Ans.)**

খ. বামপৰ $=\left(x^2-\frac{1}{x^2}\right)^2=\left\{\left(x+\frac{1}{x}\right)\left(x-\frac{1}{x}\right)\right\}^2$

$=\left(x+\frac{1}{x}\right)^2\left(x-\frac{1}{x}\right)^2$

$=\left\{\left(x-\frac{1}{x}\right)^2+4\cdot x\cdot\frac{1}{x}\right\}\left(x-\frac{1}{x}\right)^2$

$=\{(-3)^2+4\}(-3)^2$

$=(9+4)9=13\times9=117=$ ডানপৰ

$\therefore\ \left(x^2-\frac{1}{x}\right)^2=117$ **(প্রমাণিত)**

গ. 'খ' থেকে, $\left(x^2-\frac{1}{x^2}\right)^2=117$

বা, $(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2-2\cdot x^2\cdot\frac{1}{x^2}=117$

বা, $x^4+\frac{1}{x^4}-2=117$

বা, $x^4+\frac{1}{x^4}=117+2$

বা, $x^4+\frac{1}{x^4}+2=119+2=121$ যা একটি পূর্ণসংখ্যা

(দেখানো হলো)

প্রশ্ন–৪ ▸ **যদি** $x-\frac{1}{x}=11$ **হয় তবে** [হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, চাপাইনবাবগঞ্জ]

ক. প্রমাণ কর যে, $x^2-11x=1$ ২

খ. দেখাও যে, $x^2+\left(\frac{1}{x}\right)^2=123$ ৪

গ. $x^4+\frac{1}{x^4}$ এর মান নির্ণয় কর। ৪

▸◂ ৪নং প্রশ্নের সমাধান ▸◂

ক. $x-\frac{1}{x}=11$

বা, $\frac{x^2-1}{x}=11$

বা, $x^2-1=11x$

$\therefore\ x^2-11x=1$ (প্রমাণিত)

খ. দেওয়া আছে, $x-\frac{1}{x}=11$

বামপৰ $=x^2+\frac{1}{x^2}$

$=\left(x-\frac{1}{x}\right)^2+2\cdot x\cdot\frac{1}{x}$

$=(11)^2+2=121+2=123=$ ডানপৰ

$\therefore\ x^2+\left(\frac{1}{x}\right)^2=123$ **(দেখানো হলো)**

গ. $x^4+\frac{1}{x^4}$

$=(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2$

$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2\cdot x^2\cdot\frac{1}{x^2}$

$=(123)^2-2=15129-2=15127$ **(Ans.)**

প্রশ্ন–৫ ▸ **$81x^2 + 18xy + y^2$ বীজগণিতীয় একটি রাশি হলে–**

ক. প্রদত্ত রাশিটিকে $(a + b)^2$ আকারে প্রকাশ কর। ২

খ. যদি $x = 4$ এবং $y = -32$ হয়, তবে উক্ত রাশিটির মান নির্ণয় কর। ৪

গ. যদি $\left(x + \frac{1}{x}\right)^2$ এর মান খ এর প্রাপ্ত মানের সমান হয় তবে প্রমাণ কর যে, $x^2 + \frac{1}{x^2} = 14$. ৪

৫নং প্রশ্নের সমাধান

ক. $81x^2 + 18xy + y^2$
$= (9x)^2 + 2 . 9x . y + (y)^2 = (9x + y)^2$

খ. দেওয়া আছে, $x = 4, y = -32$
$\therefore$ প্রদত্ত রাশি $= 81x^2 + 18xy + y^2$
$= (9x + y)^2 = \{9.4 + (-32)\}^2$
$= (36 - 32)^2 = (4)^2 = 16$

গ. $\left(x + \frac{1}{x}\right)^2 = 16$
বা, $x^2 + 2 . x . \frac{1}{x} + \frac{1}{x^2} = 16$
বা, $x^2 + 2 + \frac{1}{x^2} = 16$
বা, $x^2 + \frac{1}{x^2} = 16 - 2$
$\therefore x^2 + \frac{1}{x^2} = 14$ **(প্রমাণিত)**

প্রশ্ন–৬ ▸ **$(a + b), (9a^2 + 30a + 25)$ দুটি বীজগাণিতিক রাশি।**

[চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]

ক. প্রথম রাশির বর্গ নির্ণয় কর। ২

খ. $a = -2$ হলে দ্বিতীয় রাশির মান নির্ণয় কর। ৪

গ. সরল কর : $(a + b)^2 - 2(a + b)(a - b) + (a - b)^2$ ৪

৬নং প্রশ্নের সমাধান

ক. $(a + b)$ এর বর্গ $= (a + b)^2 = a^2 + 2ab + b^2$

খ. $a = -2$
দ্বিতীয় রাশি $= (9a^2 + 30a + 25)$
$= \{(3a)^2 + 2 . 3a . 5 + (5)^2\}$
$= (3a + 5)^2$
$= \{3 \times (-2) + 5\}^2$
$= (-6 + 5)^2$
$= (-1)^2 = 1$ **(Ans.)**

গ. ধরি, $a + b = x$ এবং $a - b = y$
$\therefore$ প্রদত্ত রাশি $= x^2 - 2xy + y^2$
$= (x - y)^2$
$= \{(a + b) - (a - b)\}^2$
$= (a + b - a + b)^2$
$= (2b)^2 = 4b^2$

প্রশ্ন–৭ ▸ **যদি $x + y = 7$ এবং $xy = 10$ হয় তবে–**

ক. $(x - y)^2$ এর মান কত? ২

খ. $x^2 + y^2 + 5xy$ এর মান কত? ৪

গ. প্রমাণ কর : $\left(\frac{x + y}{2}\right)^2 - \left(\frac{x - y}{2}\right)^2 = 10.$ ৪

৭নং প্রশ্নের সমাধান

ক. $(x - y)^2 = (x + y)^2 - 4 . xy = 7^2 - 4.10 = 49 - 40 = 9$ **(Ans.)**

খ. $x^2 + y^2 + 5xy = x^2 + y^2 + 2xy + 3xy$
$= (x + y)^2 + 3xy$
$= 7^2 + 3.10$
$= 49 + 30 = 79$ **(Ans.)**

গ. বামপৰ $= \left(\frac{x + y}{2}\right)^2 - \left(\frac{x - y}{2}\right)^2$
$= \frac{(x + y)^2}{4} - \frac{(x - y)^2}{4}$
$= \frac{(x + y)^2 - (x - y)^2}{4}$
$= \frac{4xy}{4}$ $[\because (a + b)^2 - (a - b)^2 = 4ab]$
$= xy = 10 =$ ডানপৰ
$\therefore$ বামপৰ = ডানপৰ **(প্রমাণিত)**

প্রশ্ন–৮ ▸ $2x + 6, x + \frac{1}{x} = 5, x + y = 7$ **এবং $x - y = 3$ চারটি বীজগাণিতীয় শর্ত।** [বাংলাদেশ মহিলা সমিতি স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]

ক. শর্ত (i) নং এর সূত্রের সাহায্যে বর্গ নির্ণয় কর। ২

খ. শর্ত (iii) ও (iv) নং ব্যবহার করে $2(x^2 + y^2)$ এর মান নির্ণয় কর। ৪

গ. শর্ত (ii) হতে $\left(x^2 - \frac{1}{x^2}\right)^2$ এর মান বের কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক. (i) নং শর্ত $2x + 6$
এর বর্গ $= (2x + 6)^2$
$= (2x)^2 + 2 . 2x . 6 + 6^2$
$= 4x^2 + 24x + 36$ **(Ans.)**

খ. $2(x^2 + y^2) = (x + y)^2 + (x - y)^2$
$= 7^2 + 3^2 = 49 + 9 = 58$ **(Ans.)**

গ. $\left(x^2 - \frac{1}{x^2}\right)^2 = \left\{\left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right)\right\}^2$
$= \left(x + \frac{1}{x}\right)^2 \left(x - \frac{1}{x}\right)^2$
$= \left(x + \frac{1}{x}\right)^2 \left\{\left(x + \frac{1}{x}\right)^2 - 4 . x . \frac{1}{x}\right\}$
$= 5^2 \{(5^2)^2 - 4\}$
$= 25(25 - 4)$
$= 25 \times 21$
$= 525$ **(Ans.)**

সৃজনশীল প্রশ্নব্যাংক উত্তরসহ

প্রশ্ন–৯ ▸ $x - \frac{1}{x}, x + \frac{1}{x}, x^2 + \frac{1}{x^2}, x^4 + \frac{1}{x^4}$ চারটি বীজগণিতীয় রাশি।

ক. $x + \frac{1}{x} = 4$ হলে $(x - 2)^2 =$ কত? ২

খ. $x^2 + \frac{1}{x^2} = 9$ হলে, প্রমাণ কর যে, $x^4 - 9x^2 + 1 = 0$ ৪

গ. $x - \frac{1}{x} = 3$ হলে, প্রমাণ কর যে, $x^4 = 119 - \frac{1}{x^4}$ ৪

উত্তর : ক. 3

প্রশ্ন–১০ ▸ $x + \frac{1}{x}, x + y$ দুইটি রাশি।

ক. ১ম রাশির বর্গ নির্ণয় কর। ২

খ. ১ম রাশির মান 3 হলে $x^4 + \frac{1}{x^4} =$ কত? ৪

গ. সূত্রের সাহায্যে প্রথম রাশি ও ২য় রাশির গুণফল নির্ণয় কর। ৪

উত্তর : ক. $x^2+\frac{1}{x^2}+2$; খ. 47; গ. $x^2+yx+\frac{y}{x}+1$.

প্রশ্ন–১১ ▸ $x^2-3x+1=0$ হলে,

ক. $x+\frac{1}{x}$ এর মান কত? ২

খ. $\left(x^2+\frac{1}{x^2}\right)\left(x+\frac{1}{x}\right)$ এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $x^4+\frac{1}{x^4}=47$. ৪

উত্তর : ক. 3; খ. 21

প্রশ্ন–১২ ▸ m + n, 2a + 3b দুটি বীজগণিতীয় রাশি।

ক. ১ম রাশির বর্গ নির্ণয় কর। ২

খ. 2a + 3b = 3 হলে, $4a^2+12ab+9b^2$ = কত? ৪

গ. $(a+b)^2=4$ হলে, $(3a+5b+3c)^2+(a+3b+3c)^2-2(3a+5b+3c)(a+3b+3c)$ = কত? ৪

উত্তর : ক. $m^2+2mn+n^2$; খ. 9; গ. 16.

প্রশ্ন–১৩ ▸ a + b = 5, ab = 3

ক. $(a-b)^2$ = কত? ২

খ. a^2+b^2+4ab এর মান নির্ণয় কর। ৪

গ. a^4+b^4+5ab = কত? ৪

উত্তর : ক. 13; খ. 31; গ. 358.

প্রশ্ন–১৪ ▸ 99, $9a^2-48ab+64b^2$ এবং $m^2+\frac{1}{m^2}$ তিনটি বীজগণিতীয় রাশি।

ক. প্রথম রাশির বর্গ নির্ণয় কর। ২

খ. a = 15 এবং b = 6 হলে, দেখাও যে, দ্বিতীয় রাশির মান 9. ৪

গ. $m+\frac{1}{m}=4$ হলে, প্রমাণ কর, তৃতীয় রাশির মান 14. ৪

উত্তর : ক. 9801.

প্রশ্ন–১৫ ▸ x = 5a + 3b ও y = 4a – 3b

ক. $x^2+2xy+y^2$ কে সরল কর। ২

খ. 'ক' এ প্রাপ্ত রাশি 324 এর সমান হলে $\left(a+\frac{1}{a}\right)^2$ এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $a^2+\frac{1}{a^2}=\frac{17}{4}$ ৪

উত্তর : ক. $81a^2$; খ. $\frac{25}{4}$.

প্রশ্ন–১৬ ▸ a + b, ab, $16a^2-40ab+25b^2$ তিনটি বীজগণিতীয় রাশি।

ক. ১ম রাশির বর্গ নির্ণয় কর। ২

খ. a + b = 5, ab = 12 হলে, প্রমাণ কর যে, $a^2+b^2=1$ ৪

গ. a = 7, b = 6 হলে, তৃতীয় রাশির মান নির্ণয় কর এবং রাশি তিনটির সমষ্টি নির্ণয় কর। ৪

উত্তর : ক. $a^2+2ab+b^2$; গ. 59.

প্রশ্ন–১৭ ▸ দেওয়া আছে, $x+\frac{1}{x}=4$

ক. দেখাও যে, $x^2-4x+1=0$ ২

খ. $x^2-\frac{1}{x^2}$ = কত? ৪

গ. দেখাও যে, $x^4+\frac{1}{x^4}=194$ ৪

উত্তর : খ. $8\sqrt{3}$.

অনুশীলনী ৫.২

পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

সূত্রের সাহায্যে গুণফল নির্ণয় :

সূত্র ৩। $(a+b)(a-b)=a^2-b^2$

দুইটি রাশির যোগফল × এদের বিয়োগফল = রাশি দুইটির বর্গের বিয়োগফল

সূত্র ৪। $(x+a)(x+b)=x^2+(a+b)x+ab$

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

সূত্রের সাহায্যে গুণফল নির্ণয় কর :

প্রশ্ন ॥ ১ ॥ (4x + 3), (4x – 3)

সমাধান : $(4x+3)(4x-3)$

$=(4x)^2-(3)^2$ $[\because (a+b)(a-b)=a^2-b^2]$

$=16x^2-9$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২ ॥ (13 – 12p), (13 + 12p)

সমাধান : $(13-12p)(13+12p)$

$=(13)^2-(12p)^2$ $[\because (a+b)(a-b)=a^2-b^2]$

$=169-144p^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৩ ॥ (ab + 3), (ab – 3)

সমাধান : $(ab+3)(ab-3)$

$=(ab)^2-(3)^2$ $[\because (a+b)(a-b)=a^2-b^2]$

$=a^2b^2-9$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৪ ॥ (10 – xy), (10 + xy)

সমাধান : $(10-xy)(10+xy)$

$=(10)^2-(xy)^2$ $[\because (a+b)(a-b)=a^2-b^2]$

$=100-x^2y^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৫ ॥ $(4x^2+3y^2), (4x^2-3y^2)$

সমাধান : $(4x^2+3y^2)(4x^2-3y^2)$

$=(4x^2)^2-(3y^2)^2$ $[\because (a+b)(a-b)=a^2-b^2]$

$=16x^4-9y^4$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৬ ॥ (a – b – c), (a + b + c)

সমাধান : $(a-b-c)(a+b+c)$

$=\{a-(b+c)\}\{a+(b+c)\}$

$= a^2 - (b + c)^2$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= a^2 - (b^2 + 2bc + c^2)$
$= a^2 - b^2 - 2bc - c^2$
$= a^2 - b^2 - c^2 - 2bc$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৭ ॥ $(x^2 - x + 1), (x^2 + x + 1)$

সমাধান : $(x^2 - x + 1)(x^2 + x + 1)$
$= \{(x^2 + 1) - x\}\{(x^2 + 1) + x\}$
$= (x^2 + 1)^2 - x^2$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= (x^2)^2 + 2 \times x^2 \times 1 + 1^2 - x^2$
$= x^4 + 2x^2 + 1 - x^2$
$= x^4 + x^2 + 1$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৮ ॥ $\left(x - \frac{1}{2}a\right), \left(x - \frac{5}{2}a\right)$

সমাধান : $\left(x - \frac{1}{2}a\right)\left(x - \frac{5}{2}a\right)$
$= x^2 + \left(-\frac{1}{2}a - \frac{5}{2}a\right)x +$ **উৎঃড়ৎ!** $\times$ **উৎঃড়ৎ!**
$[\because (x + a)(x + b) = x^2 + (a + b)x + ab]$
$= x^2 + \left(\frac{-a - 5a}{2}\right)x + \frac{5}{4}a^2$
$= x^2 - \frac{6ax}{2} + \frac{5}{4}a^2$
$= x^2 - 3ax + \frac{5}{4}a^2$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৯ ॥ $\left(\frac{1}{4}x - \frac{1}{3}y\right), \left(\frac{1}{4}x + \frac{1}{3}y\right)$

সমাধান : $\left(\frac{1}{4}x - \frac{1}{3}y\right)\left(\frac{1}{4}x + \frac{1}{3}y\right)$
$= \left(\frac{1}{4}x\right)^2 - \left(\frac{1}{3}y\right)^2$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= \frac{x^2}{16} - \frac{y^2}{9}$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১০ ॥ $(a^4 + 3a^2x^2 + 9x^4), (9x^4 - 3a^2x^2 + a^4)$

সমাধান : $(a^4 + 3a^2x^2 + 9x^4)(9x^4 - 3a^2x^2 + a^4)$
$= \{(a^4 + 9x^4) + 3a^2x^2\}\{(a^4 + 9x^4) - 3a^2x^2\}$
$= (a^4 + 9x^4)^2 - (3a^2x^2)^2$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= (a^4)^2 + 2 \times a^4 \times 9x^4 + (9x^4)^2 - (3a^2x^2)^2$
$= a^8 + 18a^4x^4 + 81x^8 - 9a^4x^4$
$= a^8 + 81x^8 + 9a^4x^4$ **(Ans.)**

প্রশ্ন॥১১॥ $(x + 1), (x - 1), (x^2 + 1)$

সমাধান : $(x + 1)(x - 1)(x^2 + 1)$
$= (x^2 - 1^2)(x^2 + 1)$
$= (x^2 - 1)(x^2 + 1)$
$= (x^2)^2 - 1^2$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= x^4 - 1$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১২ ॥ $(9a^2 + b^2), (3a + b), (3a - b)$

সমাধান : $(9a^2 + b^2)(3a + b)(3a - b)$
$= (9a^2 + b^2)\{(3a)^2 - (b)^2\}$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= (9a^2 + b^2)(9a^2 - b^2)$
$= (9a^2)^2 - (b^2)^2$ $[\because (a + b)(a - b) = a^2 - b^2]$
$= 81a^4 - b^4$ **(Ans.)**

অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫.১ : বীজগণিতীয় সূত্রাবলি ■ পৃষ্ঠা : ৬৯ ও ৭০

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. x + 3 এবং x – 3 এর গুণফল নিচের কোনটি? (সহজ)
ক $x^2 + 9$ ● $x^2 - 9$ গ $9 - x$ ঘ $(x - 3)^2$
ব্যাখ্যা : $(x + 3)(x - 3) = (x)^2 - (3)^2 = x^2 - 9$

২. (3x + 2y) এবং (3x – 2y) এর গুণফল কত? (সহজ)
ক $3x^2 + 2y^2$ খ $3x^2 - 2y^2$ গ $9x^2 + 4y^2$ ● $9x^2 - 4y^2$
ব্যাখ্যা : $(3x + 2y)(3x - 2y) = (3x)^2 - (2y)^2 = 9x^2 - 4y^2$

৩. $(9a^2 + b^2)(9a^2 - b^2)$ = কত? (সহজ)
ক $81a^4 + b^2$ খ $81a^4 - b^2$ গ $81a^4 + b^4$ ● $81a^4 - b^4$
ব্যাখ্যা : $(9a^2 + b^2)(9a^2 - b^2) = (9a^2)^2 - (b^2)^2 = 81a^4 - b^4$

৪. (x + y)(x – y) = কত? (মধ্যম)
ক $x^2 + y^2$ ● $x^2 - y^2$
গ $x^2 + xy + y^2$ ঘ $x^2 - 2xy + y^2$

৫. (ab + 3)(ab – 3) = A হলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)
ক $A = (ab + 3)^2$ খ $A = a^2b^2 - 3$
● $A = a^2b^2 - 9$ ঘ $A = (a^2b^2 - 3)^2$

৬. (x + a)(x + b) = কত? (মধ্যম)
● $x^2 + (a + b)x + ab$ খ $x^2 + abx + ab$
গ $x^2 + ab^2$ ঘ $x^2 + abx + ab^2$

৭. (x – a) ও (x – b) এর গুণফল নিচের কোনটি? (সহজ)
● $x^2 - (a + b)x + ab$ খ $x^2 + (a + b)x - ab$
গ $x^2 + (a + b)x + ab$ ঘ $x^2 - (a + b)x - ab$

৮. সূত্রের সাহায্যে (a – 2b) কে (a – 3b) দ্বারা গুণ করলে গুণফল নিচের কোনটি হবে? (কঠিন)
ক $a^2 - 4b^2$ খ $a^2 - 9b^2$
গ $2a^2 - 6b^2$ ● $a^2 - 5ab + 6b^2$
ব্যাখ্যা : $(a - 2b)(a - 3b)$
$= (a^2) + (-2b - 3b) \times a + (-2b) \times (-3b)$
$= a^2 + (-5b) \times a + 6b^2 = a^2 - 5ab + 6b^2$.

৯. সূত্রের সাহায্যে $(x^2 + x + 1)$ কে $(x^2 - x + 1)$ দ্বারা গুণ করলে গুণফল নিচের কোনটি হবে? (কঠিন)
● $x^4 + x^2 + 1$ খ $x^4 - x^2 - 1$
গ $x^4 - x^2 + 1$ ঘ $x^4 + x^3 - x^2 + 1$

১০. (x – a) ও (x + b) এর গুণফল নিচের কোনটি? (সহজ)
ক $x^2 + (a + b)x - ab$ খ $x^2 - (b - a)x - ab$
● $x^2 + (b - a)x - ab$ ঘ $x^2 + (b - a)x + ab$

১১. সূত্রের সাহায্যে (2x + 5) কে (2x + 7) দ্বারা গুণ করলে গুণফল নিচের কোনটি হবে? (কঠিন)
ক $4x^2 + 12x + 35$ ● $4x^2 + 24x + 35$
গ $4x^2 - 35$ ঘ $4x^2 - 49$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১২. নিচের তথ্যগুলো লব কর :
i. $(a - b)$ এবং $a + b$ এর গুণফল $a^2 - b^2$
ii. $(x + 1)$ এবং $(x + 2)$ এর গুণফল $x^2 + 3x + 2$
iii. $(x - 2)(x + 1)$ এর গুণফল $x^2 - x - 2$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৩. $4a^2 - 25$ হলো–

i. $(2a + 5)$ ও $(2a - 5)$ এর গুণফল

ii. $(2a)^2 + (5 - 5) \times 2a - 5^2$ এর সমান

iii. $2a$ ও 5 এর বর্গের অন্তর

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৪. $x^4 - 1$ হলো–

i. $(x^2 + 1) \times (x^2 - 1)$ এর সমান

ii. $(x + 1)(x - 1)(x^2 - 1)$ এর সমান

iii. $(x + 1)(x - 1)(x^2 + 1)$ এর সমান

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

ব্যাখ্যা : ii সঠিক নয়, কারণ, $(x + 1)(x - 1)(x^2 - 1)$
$= (x^2 - 1)(x^2 - 1) = (x^2 - 1)^2$

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

$2x + y$, $2x - y$, $4x^2 + y^2$ তিনটি বীজগণিতীয় রাশি

১৫. প্রদত্ত প্রথম দুইটি রাশিকে সূত্রের সাহায্যে গুণ করলে গুণফল কত হবে? (মধ্যম)

ক $2x^2 - y^2$ খ $4x^2 + y^2$ ● $4x^2 - y^2$ ঘ $4x^2 - 2y^2$

ব্যাখ্যা : $(2x + y)(2x - y) = (2x)^2 - (y)^2 = 4x^2 - y^2$

১৬. সূত্রের সাহায্যে রাশি তিনটিকে গুণ করলে গুণফল নিচের কোনটি হবে? (কঠিন)

ক $4x^2 + y^2$ খ $4x^2 - y^2$ গ $8x^2 - 3y^2$ ● $16x^4 - y^4$

■ **নিচের তথ্যের আলোকে ১৭ – ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

$(3a + b)$, $(3a - b)$, $(9a^2 + b^2)$ তিনটি বীজগণিতীয় রাশি।

১৭. প্রথম রাশি দুইটির গুণফল কত? (সহজ)

ক $3a^2 - b^2$ খ $3a^2 + b^2$ ● $9a^2 - b^2$ ঘ $9a^2 + b^2$

ব্যাখ্যা : $(3a + b)(3a - b) = (3a)^2 - b^2 = 9a^2 - b^2$

১৮. $a = 1$ ও $b = 2$ এর জন্য প্রথম রাশি দুইটির গুণফলের মান কত? (সহজ)

ক 4 ● 5 গ 8 ঘ 9

ব্যাখ্যা : $(3a + b)(3a - b) = 9a^2 - b^2 = 9 \times (1)^2 - (2)^2 = 9 - 4 = 5$

১৯. রাশি তিনটির গুণফল কত? (মধ্যম)

ক $9a^2 - b^2$ খ $9a^2 + b^2$ গ $81a^4 + b^4$ ● $81a^4 - b^4$

ব্যাখ্যা : $(3a + b)(3a - b)(9a^2 + b^2)$
$= (9a^2 - b^2)(9a^2 + b^2)$ [১৫ নং থেকে পাই]
$= (9a^2)^2 - (b^2)^2 = 81a^4 - b^4$

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন–১ ▸ $x + y = 4$ **এবং** $xy = 3$ **হলে,** [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]

ক. $2x - y$ এর সূত্রের সাহায্যে বর্গ নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $x^2 + y^2 = 10$ ৪

গ. $(x - y)^2 + (x^2 - y^2)$ এর মান নির্ণয় কর। ৪

▸◂ ১নং প্রশ্নের সমাধান ▸◂

ক. $(2x - y)$ এর বর্গ $= (2x - y)^2$
$= (2x)^2 - 2 \cdot 2x \cdot y + (y)^2$
$= 4x^2 - 4xy + y^2$ **(Ans.)**

খ. $x^2 + y^2 = (x + y)^2 - 2 \cdot xy$
$= 4^2 - 2 \cdot 3 = 16 - 6 = 10$ **(দেখানো হলো)**

গ. আমরা জানি,
$(x - y)^2 = (x + y)^2 - 4xy = 4^2 - 4 \cdot 3 = 16 - 12 = 4$
$\therefore (x - y) = \pm\sqrt{4} = \pm 2$

যখন $x - y = 2$, প্রদত্ত রাশি $= (x - y)^2 + (x^2 - y^2)$
$= (x - y)^2 + (x + y)(x - y)$
$= 2^2 + 4 \cdot 2 = 12$ **(Ans.)**

যখন $x - y = -2$, প্রদত্ত রাশি $= (x - y)^2 + (x + y)(x - y)$
$= (-2)^2 + 4(-2)$
$= 4 - 8 = -4$ **(Ans.)**

প্রশ্ন–২ ▸ $ab + 4$ **এবং** $ab - 2$ **দুইটি বীজগণিতীয় রাশি।**

ক. ২য় রাশির সাথে $(ab + 2)$ এর গুণফল কত? ২

খ. প্রদত্ত বীজগণিতীয় রাশি দুইটির গুণফল নির্ণয় কর। ৪

গ. প্রাপ্ত গুণফলের সাথে $a^2b^2 + 2ab + 8$ রাশিটির গুণফল নির্ণয় কর। ৪

▸◂ ২নং প্রশ্নের সমাধান ▸◂

ক. দেওয়া আছে, ২য় রাশি $= ab - 2$
নির্ণেয় গুণফল $= (ab - 2)(ab + 2)$
$= (ab)^2 - (2)^2 = a^2b^2 - 4$. **(Ans.)**

খ. বীজগণিতীয় রাশি দুইটি $ab + 4$ এবং $ab - 2$
$\therefore$ গুণফল $= (ab + 4)(ab - 2)$
$= (ab)^2 + \{4 + (-2)\} ab + 4 \times (-2)$
$= a^2b^2 + (4 - 2) ab - 8$
$= a^2b^2 + 2ab - 8$ **(Ans.)**

গ. 'খ' হতে পাই, $a^2b^2 + 2ab - 8$
$\therefore$ গুণফল $= (a^2b^2 + 2ab - 8)(a^2b^2 + 2ab + 8)$
$= (a^2b^2 + 2ab)^2 - (8)^2$
$= (a^2b^2)^2 + 2 . a^2b^2 . 2ab + (2ab)^2 - 64$
$= a^4b^4 + 4a^3b^3 + 4a^2b^2 - 64$ **(Ans.)**

প্রশ্ন–৩ ▸ $(x + 2)$, $(x + 3)$ **এবং** $x^2 + 5x - 6$ **তিনটি বীজগণিতীয় রাশি।**

ক. প্রথম রাশির সাথে $(x - 2)$ এর গুণফল নির্ণয় কর। ২

খ. প্রথম রাশি দুইটির গুণফল নির্ণয় কর। ৪

গ. প্রাপ্ত গুণফলটিকে তৃতীয় রাশি দ্বারা গুণ কর। ৪

▸◂ ৩নং প্রশ্নের সমাধান ▸◂

ক. দেওয়া আছে, প্রথম রাশি $= (x + 2)$
$\therefore (x + 2)(x - 2) = (x)^2 - (2)^2 = x^2 - 4$ **(Ans.)**

খ. দেওয়া আছে, প্রথম রাশি $= (x + 2)$ এবং দ্বিতীয় রাশি $= (x + 3)$
$\therefore (x + 2)(x + 3) = x^2 + (2 + 3)x + 2 \times 3$
$= x^2 + 5x + 6$
নির্ণেয় গুণফল $x^2 + 5x + 6$ **(Ans.)**

গ. দেওয়া আছে, তৃতীয় রাশি $= x^2 + 5x - 6$
'খ' হতে পাই, $x^2 + 5x + 6$
নির্ণেয় গুণফল $= (x^2 + 5x + 6)(x^2 + 5x - 6)$
$= \{(x^2 + 5x) + 6\}\{(x^2 + 5x) - 6\}$
$= (x^2 + 5x)^2 - (6)^2$
$= x^4 + 2.x^2.5x + (5x)^2 - 36$
$= x^4 + 10x^3 + 25x^2 - 36$ **(Ans.)**

প্রশ্ন–৪ ▸ $4x + 3$, $4x - 3$, $4x + 7$, $4x - 7$ **চারটি বীজগণিতীয় রাশি।**

ক. রাশি চারটির x এর সহগগুলোর গুণফল নির্ণয় কর। ২
খ. ১ম রাশি দুটিকে সূত্রের সাহায্যে গুণ কর। ৪
গ. 'খ' হতে প্রাপ্ত মানের সাথে ৩য় ও ৪র্থ রাশি সূত্রের সাহায্যে গুণ কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক. রাশি চারটির x এর সহগগুলোর গুণফল $= 4 \times 4 \times 4 \times 4$
$= 256$ **(Ans.)**

খ. ১ম রাশি দুটি যথাক্রমে $4x + 3$ এবং $4x - 3$
$\therefore (4x + 3)(4x - 3)$
$= (4x)^2 - (3)^2$ [$\because (a + b)(a - b) = a^2 - b^2$]
$= 16x^2 - 9$
নির্ণেয় গুণফল $16x^2 - 9$ **(Ans.)**

গ. 'খ' হতে প্রাপ্ত মান $16x^2 - 9$
$\therefore (16x^2 - 9)(4x + 7)(4x - 7)$
$= (16x^2 - 9)\{(4x)^2 - (7)^2\}$ ['খ' হতে]
$= (16x^2 - 9)(16x^2 - 49)$
$= (16x^2)^2 + (-9-49)16x^2 + (-9)(-49)$
[$\because (x + a)(x + b) = x^2 + (a + b)x + ab$]
$= 256x^4 - 928x^2 + 441$
নির্ণেয় গুণফল $256x^4 - 928x^2 + 441$ **(Ans.)**

সৃজনশীল প্রশ্নব্যাংক উত্তরসহ

প্রশ্ন–৫ ▸ $2x + 5$ এবং $2x - 3$ দুইটি বীজগণিতীয় রাশি।
ক. দুইটি অজ্ঞাত রাশির যোগফল × এদের বিয়োগফল = কত? ২
খ. সূত্রের সাহায্যে প্রদত্ত রাশি দুইটির গুণফল নির্ণয় কর। ৪
গ. প্রাপ্ত গুণফলের সাথে $4x^2 + 4x + 15$ গুণ কর। ৪

উত্তর : ক. $a^2 - b^2$; খ. $4x^2 + 4x - 15$; গ. $16x^4 + 32x^3 + 16x^2 - 225$.

প্রশ্ন–৬ ▸ $ax^2 + b, ax^2 - b, a^2x^4 + b^2$ তিনটি বীজগণিতীয় রাশি।
ক. ১ম রাশিতে x এর সর্বোচ্চ ঘাত কত এবং x^2 এর সহগ কত? ২
খ. ১ম রাশি দুটিকে সূত্রের সাহায্যে গুণ কর। ৪
গ. রাশি তিনটিকে সূত্রের সাহায্যে গুণ কর এবং $a = 2, x = 1, b = -1$ হলে গুণফলের মান নির্ণয় কর। ৪

উত্তর : ক. a; খ. $a^2x^4 - b^2$; গ. 15.

অনুশীলনী ৫.৩

পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

বীজগণিতীয় রাশির উৎপাদক :

কোনো বীজগণিতীয় রাশি দুই বা ততোধিক রাশির গুণফল হলে, শেষোক্ত রাশিগুলোর প্রত্যেকটিকে প্রথম রাশির উৎপাদক বা গুণনীয়ক বলা হয়। বীজগণিতীয় বিভিন্ন সূত্র এবং গুণের বিনিময়বিধি, সংযোগবিধি ও বণ্টনবিধি ব্যবহার করে বীজগণিতীয় রাশিকে উৎপাদকে বিশ্লেষণ করা হয়।
আমরা জানি, $6 = 2 \times 3$.
এখানে, 2 ও 3 হলো 6 এর দুইটি উৎপাদক বা গুণনীয়ক।
৩ নং সূত্র থেকে আমরা জানি, $a^2 - b^2 = (a + b)(a - b)$
তাহলে, $(a + b)$ ও $(a - b)$ বীজগণিতীয় রাশি $a^2 - b^2$ এর দুইটি উৎপাদক বা গুণনীয়ক।

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

উৎপাদকে বিশ্লেষণ কর :

প্রশ্ন ॥ ১ ॥ $x^2 + xy + zx + yz$
সমাধান : $x^2 + xy + zx + yz$
$= x(x + y) + z(x + y)$
$= (x + y)(x + z)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২ ॥ $a^2 + bc + ca + ab$
সমাধান : $a^2 + bc + ca + ab$
$= a^2 + ab + ca + bc$
$= a(a + b) + c(a + b)$
$= (a + b)(a + c)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৩ ॥ $ab(px + qy) + a^2qx + b^2py$
সমাধান : $ab(px + qy) + a^2qx + b^2py$
$= abpx + abqy + a^2qx + b^2py$
$= abpx + a^2qx + b^2py + abqy$
$= ax(bp + aq) + by(bp + aq)$
$= (bp + aq)(ax + by)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৪ ॥ $4x^2 - y^2$
সমাধান : $4x^2 - y^2$
$= (2x)^2 - (y)^2$
$= (2x + y)(2x - y)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৫ ॥ $9a^2 - 4b^2$
সমাধান : $9a^2 - 4b^2$
$= (3a)^2 - (2b)^2$
$= (3a + 2b)(3a - 2b)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৬ ॥ $a^2b^2 - 49y^2$
সমাধান : $a^2b^2 - 49y^2$
$= (ab)^2 - (7y)^2$
$= (ab + 7y)(ab - 7y)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৭ ॥ $16x^4 - 81y^4$
সমাধান : $16x^4 - 81y^4$
$= (4x^2)^2 - (9y^2)^2$

$= (4x^2 + 9y^2)(4x^2 - 9y^2)$
$= (4x^2 + 9y^2)\{(2x)^2 - (3y)^2\}$
$= (4x^2 + 9y^2)(2x + 3y)(2x - 3y)$
$= (2x + 3y)(2x - 3y)(4x^2 + 9y^2)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৮ ॥ $a^2 - (x + y)^2$

সমাধান : $a^2 - (x + y)^2$
$= \{a + (x + y)\}\{a - (x + y)\}$
$= (a + x + y)(a - x - y)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ৯ ॥ $(2x - 3y + 5z)^2 - (x - 2y + 3z)^2$

সমাধান : $(2x - 3y + 5z)^2 - (x - 2y + 3z)^2$
$= \{(2x - 3y + 5z) + (x - 2y + 3z)\}$
$\{(2x - 3y + 5z) - (x - 2y + 3z)\}$
$= (2x - 3y + 5z + x - 2y + 3z)$
$(2x - 3y + 5z - x + 2y - 3z)$
$= (3x - 5y + 8z)(x - y + 2z)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১০ ॥ $4 + 8a^2 + 9a^4$

সমাধান : $4 + 8a^2 + 9a^4$
$= 9a^4 + 8a^2 + 4$
$= (3a^2)^2 + 2 \times 3a^2 \times 2 + (2)^2 - 4a^2$
$= (3a^2 + 2)^2 - (2a)^2$
$= (3a^2 + 2 + 2a)(3a^2 + 2 - 2a)$
$= (3a^2 + 2a + 2)(3a^2 - 2a + 2)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১১ ॥ $2a^2 + 6a - 80$

সমাধান : $2a^2 + 6a - 80$
$= 2(a^2 + 3a - 40)$
$= 2[a^2 + \{8 + (-5)\}a + 8 \times (-5)]$
$= 2(a + 8)(a - 5)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১২ ॥ $y^2 - 6y - 91$

সমাধান : $y^2 - 6y - 91$
$= y^2 + (-13 + 7)y + (-13) \times 7$
$= (y + 7)(y - 13)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৩ ॥ $p^2 - 15p + 56$

সমাধান : $p^2 - 15p + 56$
$= p^2 + \{-8 + (-7)\}p + (-8) \times (-7)$
$= (p - 8)(p - 7)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৪ ॥ $45a^8 - 5a^4x^4$

সমাধান : $45a^8 - 5a^4x^4$
$= 5a^4(9a^4 - x^4)$
$= 5a^4\{(3a^2)^2 - (x^2)^2\}$
$= 5a^4(3a^2 + x^2)(3a^2 - x^2)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৫ ॥ $a^2 + 3a - 40$

সমাধান : $a^2 + 3a - 40$
$= a^2 + \{8 + (-5)\}a + 8 \times (-5)$
$= (a + 8)(a - 5)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৬ ॥ $(x^2 + 1)^2 - (y^2 + 1)^2$

সমাধান : $(x^2 + 1)^2 - (y^2 + 1)^2$
$= \{(x^2 + 1) + (y^2 + 1)\}\{(x^2 + 1) - (y^2 + 1)\}$
$= (x^2 + 1 + y^2 + 1)(x^2 + 1 - y^2 - 1)$
$= (x^2 + y^2 + 2)(x^2 - y^2)$
$= (x + y)(x - y)(x^2 + y^2 + 2)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৭ ॥ $x^2 + 11x + 30$

সমাধান : $x^2 + 11x + 30$
$= x^2 + (5 + 6)x + 5 \times 6$
$= (x + 5)(x + 6)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৮ ॥ $a^2 - b^2 + 2bc - c^2$

সমাধান : $a^2 - b^2 + 2bc - c^2$
$= a^2 - (b^2 - 2bc + c^2)$
$= a^2 - (b - c)^2$
$= \{a + (b - c)\}\{a - (b - c)\}$
$= (a + b - c)(a - b + c)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ১৯ ॥ $144x^7 - 25x^3a^4$

সমাধান : $144x^7 - 25x^3a^4$
$= x^3(144x^4 - 25a^4)$
$= x^3\{(12x^2)^2 - (5a^2)^2\}$
$= x^3(12x^2 + 5a^2)(12x^2 - 5a^2)$ **(Ans.)**

প্রশ্ন ॥ ২০ ॥ $4x^2 + 12xy + 9y^2 - 16a^2$

সমাধান : $4x^2 + 12xy + 9y^2 - 16a^2$
$= (2x)^2 + 2 \times 2x \times 3y + (3y)^2 - (4a)^2$
$= (2x + 3y)^2 - (4a)^2$
$= (2x + 3y + 4a)(2x + 3y - 4a)$ **(Ans.)**

অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫.২ : বীজগণিতীয় রাশির উৎপাদক ■ পৃষ্ঠা : ৭১–৭৩

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. কোনো বীজগণিতীয় রাশি দুই বা ততোধিক রাশির গুণফল হলে, শেষোক্ত রাশিগুলোর প্রত্যেকটি হচ্ছে প্রথম রাশির– (সহজ)
ক গুণিতক ● উৎপাদক বা গুণনীয়ক গ বিয়োজক ঘ বর্গ

২. $a^2 + bc + ca + ab$ এর উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি? (মধ্যম)
● $(a + b)(a + c)$ খ $(a + b)(a - c)$
গ $(a - b)(a + c)$ ঘ $(a - b)(a - c)$
ব্যাখ্যা : $a^2 + ca + ab + bc$ [সাজিয়ে পাই]
$= a(a + c) + b(a + c) = (a + b)(a + c)$

৩. $x^2 + 6x + 5$ এর উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি? (মধ্যম)
ক $(x + 2)(x + 3)$ খ $(x - 2)(x - 3)$
গ $(x + 5)(x - 1)$ ● $(x + 5)(x + 1)$
ব্যাখ্যা : $x^2 + 6x + 5 = x^2 + (5 + 1)x + 5 \times 1 = (x + 5)(x + 1)$

৪. $a^2 + 3a - 28$ এর উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি? (সহজ)
ক $(a + 7)(a + 4)$ ● $(a + 7)(a - 4)$
গ $(a - 7)(a + 4)$ ঘ $(a - 7)(a - 4)$
ব্যাখ্যা : $a^2 + 3a - 28 = a^2 + 7a - 4a - 28$
$= a(a + 7) - 4(a + 7) = (a + 7)(a - 4)$

৫. $9x^2 - (2x + y)^2$ কে উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি? (সহজ)
ক $(3x + y)(3x - y)$ খ $(5x - y)(x + y)$
গ $(5x - y)(x - y)$ ● $(5x + y)(x - y)$
ব্যাখ্যা : $9x^2 - (2x + y)^2$
$= (3x)^2 - (2x + y)^2 = (3x + 2x + y)(3x - 2x - y) = (5x + y)(x - y)$

৬. $x^2 - 7x + 12$ কে উৎপাদকে বিশ্লেষণ করলে নিচের কোনটি হবে? (কঠিন)
ক $(x + 3)(x - 4)$ ● $(x - 3)(x - 4)$
গ $(x + 6)(x + 2)$ ঘ $(x + 6)(x + 3)$
ব্যাখ্যা : $x^2 - 7x + 12 = x^2 + (-3 - 4)x + (-3 \times -4) = (x - 3)(x - 4)$

৭. $8x^4 - 2x^2a^2$ উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি? (মধ্যম)
ক $2(2x + a)(2x - a)$ ● $2x^2(2x + a)(2x - a)$
গ $6(x^2 - y^2)(x^2 + y^2)$ ঘ $(5x^2 + 6y^2)(5x^2 - 6y^2)$

ব্যাখ্যা : $8x^4 - 2x^2a^2 = 2x^2(4x^2 - a^2)$
$= 2x^2\{(2x)^2 - a^2\} = 2x^2(2x + a)(2x - a)$

৮. $1 - p^2$ এর একটি উৎপাদক নিচের কোনটি? (মধ্যম)
ক p খ $-p$ গ $p - 1$ ● $1 + p$

৯. $x^2 + 9x + 18$ এর উৎপাদকে বিশ্লেষিত রূপ নিচের কোনটি? (মধ্যম)
ক $(x + 9)(x + 2)$ খ $(x + 3)(x + 5)$
গ $(x + 6)(x + 5)$ ● $(x + 6)(x + 3)$
ব্যাখ্যা : $x^2 + 9x + 18 = x^2 + (6 + 3)x + 6 \times 3 = (x + 3)(x + 6)$

১০. $xy + a^2x$ এর উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি? (সহজ)
ক $y(x + a^2)$ ● $x(y + a^2)$ গ $x(y - a^2)$ ঘ $a^2(x + y)$

১১. $px + py$ এর উৎপাদক নিচের কোনটি? (সহজ)
ক $p(x - y)$ ● $p(x + y)$ গ $p(y - x)$ ঘ $(p + x)y$

১২. $-x^2 - ax$ এর একটি উৎপাদক নিচের কোনটি? (সহজ)
ক $-(x - a)$ খ $x - a$ গ $a - x$ ● $x + a$
ব্যাখ্যা : $-x^2 - ax = -x(x + a)$
$\therefore$ প্রদত্ত রাশিটির একটি উৎপাদক $(x + a)$

১৩. $a^2 - (x + y)^2$ এর উৎপাদক নিচের কোনটি? (মধ্যম)
ক $(a - x + y)(a + x + y)$ খ $(a - x + y)(a - x + y)$
গ $(a + x + y)(a + x - y)$ ● $(a + x + y)(a - x - y)$
ব্যাখ্যা : $a^2 - (x + y)^2 = (a + x + y)\{a - (x + y)\}$
$= (a + x + y)(a - x - y)$

১৪. $64a^2 - 81b^2$ এর উৎপাদকে বিশ্লেষিত রূপ নিচের কোনটি? (মধ্যম)
